

ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]

প্লটঃ ই-৪/এ, ব্লক: সিভিক সেক্টর, সেকশনঃ আগারগাঁও

শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

স্মারক নং-১৬.০১.০০০০.০১.১৭.০০২.৯৩(ভলি-২)/৪২৩৮

তারিখ : ২৩/০৯/২০১৯ খ্রি.

অফিস আদেশ

ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নরসের ২২/০৬/২০১৯ খ্রি. তারিখের ২০৪ তম সভার ৪৭৬(৪)/২০১৯ নম্বর সিদ্ধান্তে গৃহিত হয় যে, ‘‘বোর্ড অব গভর্নরস-এর পূর্ব অনুমোদন ব্যতিত ইসলামিক ফাউন্ডেশনের ৯ম বা তার তদুর্বৰ্ষ থেকের কর্মকর্তাগণের নিয়োগ, বদলি, পদোন্নতি ও শৃঙ্খলাজনিত যে কোন বিষয়ে সিদ্ধান্ত নেয়া যাবে না। জরুরি প্রয়োজনে বোর্ড অব গভর্নরস-এর চেয়ারম্যানের সঙ্গে আলোচনাক্রমে মহাপরিচালক সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন। তবে তা পরবর্তী বোর্ড অব গভর্নরস-এর সভায় অনুমোদন নিতে হবে’’।

২। উক্ত সিদ্ধান্ত উপেক্ষা করে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ও ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নরসের চেয়ারম্যান মহোদয়ের অনুমতি ব্যতিরেকে গত ১৭/০৯/২০১৯ খ্রি. তারিখের ১৬.০১.০০০০.০০১.১০.০০২. ৯৩(ভলি-২)/৪২৭৭ নম্বর অফিস আদেশ মারফত নিম্নোক্ত ৩ জন কর্মকর্তাকে বদলি করা হয়।

- (১) জনাব মুহাম্মদ মজিব উল্লাহ ফরহাদ, সহকারী পরিচালক
- (২) জনাব মোঃ রফিল আমিন, সহকারী পরিচালক
- (৩) জনাব মোহাম্মদ জাকের হোসাইন, সহকারী পরিচালক।

৩। উল্লিখিত ৩ জন কর্মকর্তার বদলির অফিস আদেশের ৪২৭৭ নম্বর স্মারকের পত্রের একটি কপির উপর বোর্ড অব গভর্নরসের সম্মানিত গভর্নর ও কর্মকর্তা/কর্মচারী শৃঙ্খলা আপিল বোর্ডের সদস্য জনাব সিরাজ উদ্দিন আহমেদ নিম্নরূপ মতামত প্রদান করে মাননীয় প্রতিমন্ত্রী ও মহাপরিচালক ইসলামিক ফাউন্ডেশনকে সম্মোধন করে সচিব ইসলামিক ফাউন্ডেশনকে মার্ক করেন।

“২২/০৬/২০১৯ খ্রি. তারিখের বোর্ড সভায় সিদ্ধান্ত হয়েছে যে, মহাপরিচালক কোন প্রথম শ্রেণির কর্মকর্তাকে বদলি করতে পারবেন না। আমি বোর্ডের শৃঙ্খলা আপিল সদস্য হিসেবে ডিজি'র উপরোক্ত বেআইনী বদলির আদেশ বাতিল করলাম। সচিব, ইফা প্রয়োজনীয় ব্যবস্থা নিন”।

৪। একইভাবে মাননীয় প্রতিমন্ত্রী ও বোর্ড অব গভর্নরসের চেয়ারম্যান মহোদয়ের অনুমতি ব্যতিরেকে ১৫/০৯/২০১৯ খ্রি. তারিখের ১৬.০১.০০০০.০০১.১৭.০০২.৯৩(ভলি-১)/৪২৩৪ নম্বর স্মারকের মাধ্যমে জনাব এবিএম শফিকুল ইসলাম, পরিচালক (সমন্বয়)কে উপ-সচিব (অতিঃ দাঃ) জনাব মুহাম্মদ জালাল আহমদ-এর নৈমিত্তিক ছুটিকালীন সময়ে অতিরিক্ত দায়িত্ব এবং ১৬/০৯/২০১৯ খ্রি. তারিখে ১৬.০১.০০০০.০০১.০১.২০৫.৯৬.৪২৪৭ নম্বর স্মারকের মাধ্যমে জনাব তৌহিদুল আনোয়ার-এর স্থলে জনাব বোরহান উদ্দিন মোঃ আবু আহসানকে জমিয়তুল ফালাহ মসজিদ কমপ্লেক্সের প্রকল্প পরিচালকের অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়।

৫। এমতাবস্থায়, বোর্ড অব গভর্নরসের সিদ্ধান্ত উপেক্ষা করে ৩ জন কর্মকর্তার বদলির আদেশ এবং ২ জন কর্মকর্তাকে অতিরিক্ত দায়িত্ব প্রদানের আদেশ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ও বোর্ড অব গভর্নরস-এর চেয়ারম্যানের অনুমোদনক্রমে বাতিল করা হলো।

৬। এ আদেশ ইসলামিক ফাউন্ডেশনের স্বার্থে জারি করা হলো।

২৩/০৯/২০১৯

কাজী নূরুল ইসলাম

সচিব

ইসলামিক ফাউন্ডেশন

ফোনঃ ০২-৮১৮১৫১৭

স্মারক নং-১৬.০১.০০০০.০১.১৭.০০২.৯৩(ভলি-২) / ৪৩৩৮ (৩৩)

তারিখ : ২৩/০৯/২০১৯ খ্রি.

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
- ২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়কে অবহিত করার জন্য)।
- ৩। পরিচালক/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক/বিভাগীয় প্রধান..... ইসলামিক ফাউন্ডেশন।
- ৪। পরিচালক, আইসিটি বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন (ইসলামিক ফাউন্ডেশনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। উপ-পরিচালক----- জেলা কার্যালয়।
- ৬। একান্ত সচিব, মহাপরিচালক-ইসলামিক ফাউন্ডেশন।
- ৭। জনাব -----
- ৮। সংশ্লিষ্ট নথি/সংশ্লিষ্ট কর্মকর্তাগণের ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।

২৩/০৯/২০১৯

কাজী নূরুল ইসলাম

সচিব

ইসলামিক ফাউন্ডেশন

ফোন : ০২-৮১৮১৫১৭